কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বা/এ, ঢাকা।

(সমন্বয় বিভাগ)

www.badc.gov.bd

**বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর মাঠ পর্যায়ের যুগ্মপরিচালক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রকদের সমন্বয়ে এপ্রিল-জুন ২০২২ মাসের ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : এ এফ এম হায়াতুল্লাহ, চেয়ারম্যান (গ্রেড-১), বিএডিসি।

তারিখ ও সময় : ২৮ জুন ২০২২ খ্রিস্টাব্দ; সকাল ১০.০০ ঘটিকা।

স্থান : Zoom Cloud Meeting প্লাটফর্মে অনলাইন মিটিং।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে Zoom Cloud Meeting প্লাটফর্মে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (সমন্বয়) বিগত ৩১ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত জানুয়ারি-মার্চ ২০২২ মাসের ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করার জন্য উপস্থাপন করেন। উপস্থাপিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর উপপরিচালক (সমন্বয়) বিগত ২৮ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত এপ্রিল-জুন ২০২২ মাসের ত্রৈমাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| ০১. | বিএডিসি'র মাঠ পর্যায়ে জনবল সংকট সংক্রান্ত। | সভায় জানানো হয়, সংস্থার শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। সভাপতি নিয়মিতভাবে পদোন্নতি প্রক্রিয়া চলমান রাখার বিষয়ে এবং শূন্যপদের বিপরীতে ছাড়পত্র প্রাপ্তির বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | ক. শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>খ. বিএডিসি'র মাঠ পর্যায়ে জনবল সংকট নিরসনে যথাযথ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>গ. শূন্যপদের বিপরীতে ছাড়পত্র প্রাপ্তির বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>ঘ. নিয়মিতভাবে পদোন্নতি প্রক্রিয়া চলমান রাখতে হবে। | ক. নিয়োগ ও কল্যাণ বিভাগ।<br>খ. সংস্থাপন বিভাগ।<br>গ. আইন বিভাগ। |
| ০২. | বিএডিসি'র মাঠ পর্যায়ে প্রাধিকারভুক্ত কর্মকর্তাদের গাড়ি বরাদ্দ সংক্রান্ত। | সভায় মাঠ পর্যায়ে প্রাধিকারভুক্ত কর্মকর্তাদের গাড়ি সরবরাহ উপর বিস্তারিত আলোচনা করা হয়। | ক. বিএডিসি'র মাঠ পর্যায়ে প্রাধিকারভুক্ত কর্মকর্তাদের গাড়ি সরবরাহ করতে হবে।<br>খ.বিএডিসি-তে কোন কোন কর্মকর্তা গাড়ির প্রাধিকারভূক্ত তার একটি কমিটি গঠন করে নির্ধারনপূর্বক সভায় উপস্থাপন করতে হবে। | ক. সাধারণ পরিচর্যা বিভাগ।<br>খ. সওব্য বিভাগ। |
| ০৩. | সংস্থার নিজস্ব আয় বৃদ্ধিকরণ সংক্রান্ত। | সভায় মহাব্যবস্থাপক (অর্থ) সংস্থার নিজস্ব আয় ব্যয়ের সারসংক্ষেপ তুলে ধরেন। সভাপতি পরবর্তী অর্থ বছর থেকে প্রত্যেক অফিসের আয়ের লক্ষ্যমাত্রা পূর্বেই নির্ধারণ করে দেওয়ার নির্দেশনা প্রদান করেন। | ক. পরবর্তী অর্থ বছর থেকে সকল অফিসে আয়ের সুনির্দিষ্ট লক্ষমাত্রা থাকতে হবে এবং তা পূর্বেই নির্ধারণ করে দিতে হবে।<br>খ. সংস্থার উইং ভিত্তিক সকল খাতের আয় ও ব্যয়ের হিসাব পরবর্তী ত্রৈমাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে এবং নিজস্ব আয়ের | ক. সংশ্লিষ্ট সকল বিভাগ/ দপ্তর।<br>খ. অর্থ বিভাগ।<br>গ. সংশ্লিষ্ট সকল বিভাগ/ দপ্তর। |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| | | | কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>গ. সংস্থার উইং ভিত্তিক সকল খাতের আয় ও ব্যয়ের হিসাব পরবর্তী জানুয়ারি ও জুলাই সমন্বয় সভার পূর্বে চেয়ারম্যান মহোদয় বরাবর উপস্থাপন করতে হবে। স্ব স্ব অফিসের দায়িত্বরত অফিসার আয়-ব্যয়ের বিষয়ে জবাবদিহি করবেন। | |
| ০৪. | বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের ভ্রমণ ভাতা সংক্রান্ত। | সভায় ভ্রমণ ব্যয় খাতে মাঠ পর্যায়ের চাহিদার আলোকে সন্তোষজনকভাবে বাজেট বরাদ্দ প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ক. বিএডিসি'র কার্যক্রম সুষ্ঠুভাবে মনিটরিং এর নিমিত্ত ভ্রমণ সুনির্দিষ্টকরণ, লক্ষ্যভিত্তিক এবং ভ্রমণ সময় কমাতে হবে।<br>খ.বিএডিসি'র পরিদর্শন কার্যক্রম জোরদারকরণের জন্য ভ্রমণ ব্যয় সংকোচন সংক্রান্ত বিষয়ে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্রের আওতা হতে অব্যাহতি চেয়ে কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | অর্থ বিভাগ। |
| ০৫. | বিএডিসি'র পাথিলা খামারে সীমানা নির্ধারণ এবং খামারের জলাভূমি সংলগ্ন খাস জমিসমূহ অধিগ্রহণ সংক্রান্ত। | বিএডিসি'র পাথিলা খামারে সীমানা নির্ধারণ এবং খামারের জলাভূমি সংলগ্ন খাস জমিসমূহ অধিগ্রহণ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ক. বিএডিসি'র পাথিলা খামারের জলাভূমি এলাকায় (পদ্মা গঙ্গা বিল) সীমানা নির্ধারণ ও খামারের জলাভূমি সংলগ্ন খাসজমিসমূহ নতুন প্রকল্পে অন্তর্ভূক্তিকরণ এবং ভূপরিস্থ পানি ব্যবহার নীতিমালা অনুযায়ী অধিগ্রহণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ. বিএডিসি'র পাথিলা খামারে জলাভূমি অধিগ্রহণের কার্যক্রম বীজ উইংয়ের তত্ত্বাবধানে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক. খামার বিভাগ ও যুগ্মপরিচালক (খামার), দত্তনগর, বিএডিসি। |
| ০৬. | উদ্ভাবনী উদ্যোগের ধারণা প্রদান সংক্রান্ত। | নাগরিক সেবা প্রদান সহজীকরণ করার নিমিত্ত উদ্ভাবনী উদ্যোগের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | নাগরিকদের সেবা প্রদান সহজতর করার নিমিত্ত উদ্ভাবনী উদ্যোগের উপরে ধারণা প্রদান করতে হবে। সর্বশ্রেষ্ট আইডিয়া প্রদানকারীকে পুরস্কৃত করা হবে। | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ |
| ০৭. | নাগরিক সেবায় মেন্ডেটরি কমপ্লায়েন্স অফ সার্ভিস সংক্রান্ত। | নাগরিক সেবায় মেন্ডেটরি কমপ্লায়েন্স অফ সার্ভিস বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিএডিসি সংশ্লিষ্ট সেবা প্রদানের জন্য সকল কর্মকর্তা/কর্মচারীকে নির্দেশনা প্রদান করেন। | ক. মাঠ পর্যায়ে সকল অফিস সমূহে সর্বশেষ সিটিজেন চার্টারের ছক পূরণপূর্বক আগামী সমন্বয় সভার পূর্বে আবশ্যিকভাবে তা নিজ নিজ অফিসে প্রদর্শন করতে হবে এবং সিটিজেন চার্টার হালনাগাদক করতে হবে।<br>খ. সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিএডিসি'র সংশ্লিষ্ট সেবা গ্রহীতাদের সেবা প্রদান করতে হবে। | ক. সকল অফিস প্রধান<br>খ. সকল অফিস প্রধান |
| ০৮. | মাঠ পর্যায়ের অঞ্চলভিত্তিক সমন্বয় সভা সংক্রান্ত। | মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট অঞ্চলের উর্ধ্বতন কর্মকর্তার সভাপতিত্বে তিন মাস অন্তর অন্তর সমন্বয় | মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট অঞ্চলের উর্ধ্বতন কর্মকর্তার সভাপতিত্বে তিন মাস অন্তর অন্তর নিয়মিতভাবে সমন্বয় সভা করতে হবে এবং সভার | যুগ্মপরিচালক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| | | সভার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | কার্যবিবরণী আবশ্যিকভাবে নির্দিষ্ট সময়ের মধ্যে সমন্বয় বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক (সকল) |
| ০৯. | বিএডিসি'র গবেষণা কার্যক্রম সংক্রান্ত। | সভায় বিএডিসি'র গবেষণা কার্যক্রম সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি বিএডিসি'র গবেষণা কার্যক্রমকে ফলপ্রসু/ অধিকতর জোরদার করার নির্দেশনা প্রদান করেন। | বিএডিসি'র গবেষণা কার্যক্রম এর অগ্রগতি মাঠ পর্যায়ের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। বিএডিসি'র গবেষণা কার্যক্রমকে ফলপ্রসু/ অধিকতর জোরদার করতে হবে। | প্রধান সমন্বয়ক, গবেষণা সেল, বিএডিসি। |
| ১০. | বিসিআইসি'র সকল সার ডিলারদের বিএডিসি'র সার ডিলার হিসাবে নিবন্ধনকরণ সংক্রান্ত। | সভাপতি, বিসিআইসি'র সকল সার ডিলারদের বিএডিসি'র সার ডিলার হিসাবে নিবন্ধনকরণ কার্যক্রম সার ব্যবস্থাপনা বিভাগে চলমান রাখার নির্দেশনা প্রদান করেন। | নিষ্পন্ন | - |
| ১১. | বিএডিসি'র অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত। | সভায় অডিট আপত্তি ও নিষ্পত্তি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করার কার্যকর উদ্যোগ গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | ক. অডিট আপত্তির বিষয়ে মাঠ পর্যায়ের সকল দপ্তর প্রধানকে সজাগ থাকতে হবে।<br>খ. বিএডিসি'র অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির নিমিত্ত মাঠ পর্যায় হতে নিয়মিত কার্যপত্র প্রেরণ করতে হবে। | ক. অডিট বিভাগ।<br>খ. সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান। |
| ১২. | বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষীদের বীজের মূল্য যথাসময়ে পরিশোধ সংক্রান্ত। | সভায় বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষীদের বীজের মূল্য যথাসময়ে পরিশোধ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষীদের বীজের মূল্য যথাসময়ে পরিশোধ করার নির্দেশনা প্রদান করেন। | বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষীদের বীজের মূল্য যথাসময়ে (ফসল প্রাপ্তির সাথে সাথেই) পরিশোধ করার নিমিত্ত যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | কন্টাক্ট গ্রোয়ার্স বিভাগ |
| ১৩. | বিএডিসি'র প্রস্তাবিত সংশোধিত Organogram ও প্রবিধানমালা অনুমোদন এবং কর্মকর্তা/ কর্মচারির পেনশন প্রক্রিয়া চালুকরণ সংক্রান্ত। | সভায় বিএডিসি'র প্রস্তাবিত সংশোধিত Organogram ও প্রবিধানমালা অনুমোদন এবং কর্মকর্তা/কর্মচারির পেনশন প্রক্রিয়া চালুকরণ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ক. বিএডিসি'র প্রস্তাবিত সংশোধিত Organogram ও প্রবিধানমালা অনুমোদন এবং কর্মকর্তা/কর্মচারির পেনশন প্রক্রিয়া চালুকরণ বিষয়ের অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br>খ. কর্মকর্তা/কর্মচারির পেনশন প্রক্রিয়া চালুকরণের বিষয়ে কৃষি ও অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ। |
| ১৪. | বিএডিসি'র আঞ্চলিক হিসাব | সভায় বিএডিসি'র আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক এর সকল অফিস | ক. সকল আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক এর কার্যালয় প্রয়োজনীয় মেরামত/ সংস্কার ও | হিসাব বিভাগ। |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| | নিয়ন্ত্রক এর সকল অফিস ভবন মেরামত সংক্রান্ত। | ভবন মেরামত সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | উপযুক্ত স্থানে স্থানান্তর করতে হবে।<br>খ. সকল আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক এর কার্যালয় প্রয়োজনীয় মেরামত/ সংস্কার সংক্রান্ত তথ্য ছক আকারে সভায় উপস্থাপন করতে হবে। | |

০২. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এ এফ এম হায়াতুল্লাহ
চেয়ারম্যান (গ্রেড-১), বিএডিসি
ও
সভাপতি
মাঠ পর্যায়ের ত্রৈমাসিক সমন্বয় সভা।